

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২২৩-আইন/২০২২/১৯৫-মূসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার -

- (১) বিধি ৬৫ এর উপ-বিধি (২) এর দফা (ক) এ উল্লিখিত “অন্যন অর্ধেক এবং অনূর্ধ্ব পরিমাণ” শব্দগুলির পরিবর্তে “অন্যন অর্ধেক এবং অনূর্ধ্ব সমপরিমাণ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) ফরম মূসক-৪.৩ এর শেষাংশে উল্লিখিত “বিশেষ দ্রষ্টব্য” এর ক্রমিক-৩ এর পর নিম্নরূপ ক্রমিক-৪ সংযোজিত হইবে, যথা:-

“৪। নিবন্ধিত ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের ক্ষেত্রে কলাম (১০) এ “সর্বমোট মূল্য সংযোজনের পরিমাণ” শব্দগুলি উল্লেখপূর্বক কলাম (১১) এ সর্বমোট মূল্য একটি সংখ্যায় উল্লেখ করা যাইবে। অর্থাৎ, এক্ষেত্রে মূল্য সংযোজনের খাত পৃথকভাবে উল্লেখ করিতে হইবে না।”; এবং
- (৩) ফরম মূসক-৯.১ এর মূসক দাখিলপত্র পূরণের নির্দেশিকা এর ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতির অংশ-৭: নীট কর হিসাব এর ক্রমিক নং/নোট ৩৮ ও ৩৯ এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং/নোট ৩৮ ও ৩৯ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

৩৮	সম্পূরক শুল্ক বৃদ্ধিকারী সমন্বয়	<ul style="list-style-type: none"> <li>• ডেবিট নোট ইস্যুর ক্ষেত্রেসহ, কোনো সরবরাহের ক্রয় মূল্য বা পরিমাণ পরিবর্তিত হইলে বা আইনের অন্যান্য বিধান সাপেক্ষে প্রদেয় সম্পূরক শুল্ক এর পরিমাণ বৃদ্ধি পাইলে যে পরিমাণ পরিবর্তিত হইয়াছে তাহার হিসাব (সম্পূরক শুল্কের পরিমাণ) এইখানে উল্লেখ করিতে হইবে।</li> </ul>
৩৯	সম্পূরক শুল্ক হ্রাসকারী সমন্বয়	<ul style="list-style-type: none"> <li>• ক্রেডিট নোট ইস্যুর ক্ষেত্রেসহ, বিক্রয়ের পর সরবরাহের কিছু অংশ ফেরত আসিলে বা সরবরাহের মূল্য পরিবর্তিত হইলে বা আইনের অন্যান্য বিধান সাপেক্ষে প্রদেয় সম্পূরক শুল্কের পরিমাণ হ্রাস পাইলে ঘটনার সহিত সংশ্লিষ্ট সরবরাহের যে পরিমাণ সংশ্লেষ রহিয়াছে তাহার হিসাব (সম্পূরক শুল্কের পরিমাণ) এইখানে উল্লেখ করিতে হইবে।</li> </ul>

”।

০২। এই প্রজ্ঞাপন ২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( জাকিয়া সুলতানা )

সদস্য ( মুসক নীতি )